



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
কলেজ শাখা



জরুরি  
গোপনীয়

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.৩৩.০০১.২০.৬

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮

০৯ মার্চ ২০২২

বিষয়: যশোর জেলার কেশবপুর উপজেলাধীন টিটা বাজিতপুর এম. কে. বি. মহিলা কলেজ-এর অধ্যক্ষের  
বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রসঙ্গে

সূত্র: অস্থায়ী স্বীকৃতির স্মারক পত্র টেম্পারিং করে ভুয়া স্মারক নম্বর বসিয়ে স্বীকৃতি নবায়নের জাল পত্র তৈরি সংক্রান্ত  
ক/অ/৬০২ নং পত্র, তারিখ-১৯-০৮-২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন টিটা বাজিতপুর এম. কে. বি. মহিলা  
কলেজ-এ ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষে ০১-০৭-২০১৮ খ্রি. তারিখ হতে ৩০-০৬-২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত ০১ বছরের জন্য অস্থায়ী একাডেমিক  
স্বীকৃতি প্রদান করা হয়। পরবর্তীতে উক্ত স্বীকৃতি আর নবায়ন করা হয়নি এবং কলেজের সংশ্লিষ্ট নথিতে এ সংক্রান্ত কোনো তথ্য নেই।  
কলেজের অধ্যক্ষ এমপিওভুক্তির জন্য তথ্য প্রেরণের সময় উক্ত অস্থায়ী স্বীকৃতির স্মারক পত্র টেম্পারিং করে ভুয়া স্মারক নম্বর বসিয়ে  
স্বীকৃতি নবায়নের একটি জাল পত্র তৈরি করে উপস্থাপন করেছেন। বোর্ড কর্তৃক তথ্য যাচাইয়ের জন্য অধ্যক্ষ কলেজ পরিদর্শকের ই-  
মেইলে স্বীকৃতি নবায়নের এই জাল পত্র উপস্থাপন করেন।

এমতাবস্থায়, স্বীকৃতি নবায়ন সংক্রান্ত পত্র জাল করে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করায় অধ্যক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ  
করে বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩-৩-২০২২

কে এম রক্বানী  
কলেজ পরিদর্শক

ফোন: ০৪২১৬৮৬৩৮

সভাপতি, গভর্নিং বডি, টিটা বাজিতপুর এম. কে. বি.  
মহিলা কলেজ, ডাক-ভান্ডারখোলা, কেশবপুর, যশোর

ইমেইল: ic@jessoreboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.৩৩.০০১.২০.৬/১(৭)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮

০৯ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, যশোর
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেশবপুর, যশোর
- ৬) অধ্যক্ষ, টিটা বাজিতপুর এম. কে. বি. মহিলা কলেজ, ডাক-ভান্ডারখোলা, কেশবপুর, যশোর
- ৭) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

১৩-৩-২০২২

কে এম রক্বানী

